



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

পাবিপ্রবিতে পরিসংখ্যান বিভাগের আয়োজনে সেমিনার অনুষ্ঠিত



পরিসংখ্যান বিভাগের সেমিনারে প্রধান বক্তাকে সম্মাননা স্মারক প্রদান করেন মাননীয় উপাচার্য

(০২/০৭/২০১৮): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্রের বল স্টেট ইউনিভার্সিটির স্বনামধন্য অধ্যাপক ড. এ এইচ এম রহমতউল্লাহ ইমন। তিনি পরিসংখ্যানের তাত্ত্বিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী। বিশেষ অতিথি ছিলেন উপ উপাচার্য অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ।

পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. সাব্বা রুহীর সভাপতিত্বে সেমিনারে উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী বলেন, এই ধরনের সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীরা পরিসংখ্যানের বিভিন্ন দিক সম্পর্কে ভালোভাবে অবগত হতে পারবে। শিক্ষার্থীদের মধ্যে শিক্ষার আগ্রহ বৃদ্ধি পাবে এবং



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

পরিসংখ্যানের বিভিন্ন তথ্য, উপাত্ত ও জটিল বিষয়গুলো তারা আরো তথ্যবহুলভাবে কাজে লাগাতে পারবে।

উপ উপাচার্য অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম বলেন, সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীরা পরিসংখ্যান সম্পর্কে আরো ভালো দিক নির্দেশনা পাবে এবং তাদের জ্ঞান ভান্ডারকে সমৃদ্ধ করতে পারবে।

এসময় আরো উপস্থিত ছিলেন, বিজ্ঞান অনুষ্ঠানের ডিন ড. হারুন-অর-রশিদ, প্রক্টর ড. প্রীতম কুমার দাস, বিভাগের সকল শিক্ষক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষার্থীরা।

সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের গ্যালারী ২ তে অনুষ্ঠিত হয়। সকাল ১১ টায় শুরু হয়ে বিকাল সাড়ে চারটায় শেষ হয়।